

শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স
বাড়ি- ২০, সড়ক- ১১ (৩২ পুরাতন) ধানমন্ডি, ঢাকা-১২০৯ ফোন: ৯১২০০১৫, ৯১২৬১৪৫ ফ্যাক্স: ৮১১৪৮২০
ইমেইল: snf.safework@gmail.com, bils@citech.net

তারিখ: ২৪ এপ্রিল ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

রানা প্লাজা দুর্ঘটনার আট বছর স্মরণে জুরাইন কবরস্থান এবং রানা প্লাজার সামনে শ্রমিক নিরাপত্তা ফোরামের শ্রদ্ধাজ্ঞাপন

শ্রমিক নিরাপত্তা ফোরামের উদ্যোগে রানা প্লাজা দুর্ঘটনার আট বছর স্মরণে আজ ২৪ এপ্রিল ২০২১ (শনিবার) সকালে জুরাইন কবরস্থানে দুর্ঘটনায় নিহত শ্রমিকদের কবরে এবং সাভারে রানা প্লাজার সামনে ফুল দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

জুরাইন কবরস্থানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা মৃত্যুভয়হীন নিরাপদ কর্মক্ষেত্র নিশ্চিত করা'সহ রানা প্লাজা দুর্ঘটনায় দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার ও হতাহতদের আন্তর্জাতিক মান অনুযায়ী ক্ষতিপূরণ ও আহতদের দীর্ঘমেয়াদী চিকিৎসা প্রদানের দাবি জানান। এছাড়া প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক নির্বিশেষে সকল শ্রমিককে শ্রম আইনের আওতায় আনা, ক্ষতিপূরণের জাতীয় মানদণ্ড তৈরি করা, পেশাগত রোগে আক্রান্ত ও দুর্ঘটনায় আহত শ্রমিকের চিকিৎসার জন্য বিশেষায়িত হাসপাতাল প্রতিষ্ঠা এবং হাসপাতালগুলোতে বিশেষ ইউনিট স্থাপনের দাবি জানান তারা।

শ্রদ্ধাজ্ঞাপন কর্মসূচিতে উপস্থিত ছিলেন সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সভাপতি রাজেকুজ্জামান রতন, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ এর সভাপতি সাইফুজ্জামান বাদশা, জাতীয় শ্রমিক ফেডারেশনের সভাপতি কামরুল আহসান, জাতীয় শ্রমিক জোটের কার্যকরী সভাপতি আব্দুল ওয়াহেদ, জাতীয় শ্রমিক লীগের ট্রেড ইউনিয়ন বিষয়ক সম্পাদক ফিরোজ হোসাইন, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সাধারণ সম্পাদক আহসান হাবিব বুলবুল প্রমুখ। এছাড়া শ্রমিক নিরাপত্তা ফোরাম, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ-স্কপ, বিল্‌স এবং গার্মেন্টস শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদ অন্তর্ভুক্ত ট্রেড ইউনিয়ন ফেডারেশন নেতৃবৃন্দ কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

ধন্যবাদান্তে.



মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিল্‌স

মোবা: ০১৯১৪৮৯১২২৩